НИКОЛАЙ РУБЦОВ নিকোলাই রুবৎসভ

ВСТРЕЧА সাক্ষাৎ

Стихи для детей на русском и бенгальском языках

2026

НИКОЛАЙ РУБЦОВ নিকোলাই রুবৎসভ

ВСТРЕЧА সাক্ষাৎ

Стихи для детей на русском и бенгальском языках



Перевод на бенгальский: Шамсуддуха Таухид
Художник: Олег Малинин

বাংলা অনুবাদঃ শামসুদ্দোহা তৌহীদ
অলঙ্করণঃ ওলেগ মালিনিন

ПРЕДИСЛОВИЕ

В Индии живут народы, которые говорят на многих языках и диалектах. Только официальных языков в Индии 22. Несколько десятилетий в СССР существовала программа по переводу советской литературы на языки народов Индии. Во времена СССР советские издательства переводили и печатали книги на 12 индийских языках. Миллионы индийцев узнавали о русской культуре и русской истории из книг советских издательств «Прогресс» и «Радуга», которые выпускали книги для Индии и других стран субконтинента. Наибольшее количество советских книг было переведено на хинди и бенгали, языки с самым большим числом носителей, одни из самых массовых языков в мире.

Почти за 50 лет, за те годы, что советская литература поступала в Индию, там возникла огромная группа поклонников русской литературы. Индийские дети полюбили книги Максима Горького, Аркадия Гайдара, Николая Носова, Корнея Чуковского и других русских писателей. Распад СССР в 1991 году стал трагедией не только для советских людей, но и для индийских читателей. На десятилетия в странах Индостана возник информационный вакуум – качественная и недорогая литература стала недоступна. После того как перестали поступать книги издательств «Прогресс» и «Радуга» поклонники русской культуры в Индии много лет собирали, хранили и реставрировали советские книги на индийских языках. В последние 15 лет этот процесс стал массовым: появились архивы переводных советских книг в Интернете. Эти книги стали переиздавать современные индийские издательства.

С недавних пор мы, участники международного проекта по переводу советской литературы, начали переводить и публиковать в Интернете, в свободном доступе, книги русских писателей, которых никогда ранее не переводили на индийские языки. Николай Рубцов один из этих авторов. Феноменально популярный на родине, Николай Рубцов был в Индии не известен.

Мы уверены, что благодаря нашей работе стихи Николая Рубцова полюбятся и взрослым и юным читателям, говорящим на бенгальском языке.

Стихи Николая Рубцова имеют все шансы понравиться читателям тропической страны, потому что всё то, что привлекало индийских читателей в советской литературе, есть и в стихах Рубцова. Это рассказы о суровой северной природе, о людях, которые кажутся холодными, но оказываются полными доброты и света, и это русский юмор, который всегда имеет оттенок грусти.

Евгений Спирин. Редактор сообщества «Николай Рубцов. Тихая моя родина».

ভারতে অনেক ভাষা ও বাকভঙ্গীতে কথা বলা বিভিন্ন জাতি বাস করে। । কেবল মাত্র সরকারী ভাষাই রয়েছে ২০ টির বেশি ।
সোভিয়েত ইউনিয়নে কয়েক দশক ধরে ভারতের বিভিন্ন ভাষায় সোভিয়েত সাহিত্য অনুবাদ করার একটি কর্মসূচি ছিল।
সেই সময়ে ১২ টি ভারতীয় ভাষায় বই অনুবাদ এবং মুদ্রণ হত। সোভিয়েত প্রকাশনা "প্রগতি" এবং "রামধনু" দ্বারা প্রকাশিত বইয়ের মাধ্যমে রুশ সংস্কৃতি এবং ইতিহাস সম্পর্কে ভারতের লক্ষ লক্ষ মানুষ জানতে পারতেন।
হিন্দি এবং বাংলা ভাষায় সবচেয়ে বেশি সংখ্যক সোভিয়েত বই অনুবাদ করা হয়েছে।
অনেক বছর ধরে রুশ লেখকদের বই পড়ার ফলে ভারতে রুশ সাহিত্যপ্রেমীদের একটি বিশাল গোষ্ঠী গড়ে উঠেছিল।
ভারতের পাঠকরা ম্যাক্সিম গর্কি, আর্কাদি গাইদার, নিকোলাই নোসভ, কোরনেই চুকভস্কি এবং অন্যান্য রুশ লেখকদের বই পছন্দ করতেন ।
কিন্তু ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়নের পতন শুধু সোভিয়েত জনগণের জন্য নয়, ভারতীয় পাঠকদের জন্যও একটি ট্র্যাজেডি ছিল।
তবে এই বই ভারতে আসা বন্ধ হয়ে গিয়ে অবধি সেখানকার রুশ সাহিত্যের অনুরাগীরা বহু বছর ধরে সোভিয়েত বই সংগ্রহ, সংরক্ষণ এবং পুনঃস্থাপন করতে শুরু করেন।
গত ১৫ বছরে এই প্রক্রিয়া ব্যাপক হয়ে উঠেছে। অনূদিত সোভিয়েত বইয়ের ইন্টারনেট আর্কাইভ তৈরি হয়েছে, আধুনিক প্রকাশকরা এই বইগুলি পুনঃমুদ্রণ করতে শুরু করেছেন।
সম্প্রতি আমরা, সোভিয়েত সাহিত্য অনুবাদ প্রকল্পের অংশগ্রহণকারীরা, আগে কখনও ভারতীয় ভাষায় অনুবাদ করা হয়নি এমন কিছু রুশ লেখকদের বই অনুবাদ এবং প্রকাশ করতে শুরু করেছি।
নিকোলাই রুবৎসোভ এই লেখকদের একজন।
যদিও তিনি রুশ দেশে অত্যন্ত জনপ্রিয়, ভারতে তাঁকে কেউই জানেন না।
আমরা বিশ্বাস করি, যে আমাদের কাজের মাধ্যমে নিকোলাই রুবৎসোভের কবিতা সব বয়সের বাঙালি পাঠকদের মধ্যে জনপ্রিয় হবে।
নিকোলাই রুবৎসোভের কবিতা গ্রীষ্ম প্রধান দেশের পাঠকদের কাছে জনপ্রিয় হওয়ার সব সম্ভাবনা রয়েছে, কারণ সোভিয়েত সাহিত্যে ভারতীয় পাঠকদের যা কিছু আকৃষ্ট করত, তা সবই রুবৎসোভের কবিতায়ও রয়েছে।
এগুলি কঠোর উত্তরাঞ্চলীয় প্রকৃতির গল্প, এমন মানুষদের গল্প, যাদের বাইরে থেকে মনে হয় শীতল, অথচ তারা মমতা, উষ্ণতায় পূর্ণ।
এবং এতে রয়েছে খাঁটি রুশ হাস্যরস, যার মধ্যে সবসময় বিষণ্ণতার ছোঁয়া রয়ে যায়।

ইভগেনি স্পিরিন,
সম্পাদক, "নিকোলাই রুবৎসোভ- আমার শান্ত জন্মভূমি" সাহিত্য সম্প্রদায় ।

বন রক্ষক

এক বনে ছিল এক কাঠের বাড়ি
শত বছরের বেশি পুরোনো সেই বাড়ি
সেই বাড়িতে থাকত এক বুড়ো
ছেলেপুলেরা ডাকত পাগলা খুড়ো
লোকেরা বলত ভীষণ অপয়া
শত বছরেও মরলো না ঐ বুড়ো
কিন্তু বনের জন্য বুড়োর ছিল ভীষণ মায়া
তাই সেখানে পড়ত না কোনো অনিষ্টের ছায়া

Лесник
Forest protector

ЛЕСНИК

Стоит изба в лесу
сто лет.
Живет в избе
столетний дед.
Сто лет прошло,
а смерти нет,
Как будто вечен
этот дед,
Как вечен лес,
где столько лет
Он все хранил
от разных бед...

চিড়িয়াখানা ভ্রমণ শেষে

রাত নেমে আসে
বাড়িগুলো ঘুমিয়ে পড়ে ধীরে ধীরে
ঘুমন্ত শহর ডুবে যায় আঁধারে
কেবল শিশুটির চোখে ঘুম নেই
শিশুটির মা বুঝতে না পেরে শুধায়,
সোনামণি, তুমি কেন ঘুমাও না?
শিশুটির মনে রাজ্যের ভাবনা
মা, কুমির কেমন করে গান গায়?

После посещения зоопарка
After visiting the zoo

ПОСЛЕ ПОСЕЩЕНИЯ ЗООПАРКА

Ночь наступила.
Заснули дома.
Город заснувший
Окутала тьма.
Спать малыша
Уложили в кровать.
Только малыш
И не думает спать.
Мама не может
Понять ничего.
Мама негромко
Спросила его:
— Что тебе, милый,
Уснуть не дает?
— Мама, а как
Крокодил поет?

উইলো

উইলো, কেন তুমি বাড়ো নাব্য নদীর কূলে?
কেন তুমি চুমু খাও নদীর ঘোলা জলে?
যেন অথৈ জল শান্ত করো এক মায়াবী ছলে

ইস্টিমারের ঢেউ ভেঙে যায় তোমার কাছে এসে
তোমার প্রেমের বেদি ক্ষয়ে যায় নীরবে
যদি তুমি তা জানতে!

দূর পাহাড়ের কোলে এক গির্জার তলে
রোদ ঝলমল করে দিঘির শান্ত জলে
তোমার বোন উইলো জলকেলি করে
ভালোবাসার নীরব প্রশ্রয়ে!

ИBA
Willow

ИВА

Зачем ты, ива, вырастаешь
Над судоходною рекой
И волны мутные ласкаешь
Как будто нужен им покой?
Преград не зная и обходов,
Как шумно, жизнь твою губя,
От проходящих пароходов
Несутся волны на тебя!
А есть укромный край природы,
Где могут, родственно звуча,
В тени струящиеся воды
На ласку лаской отвечать…

সাক্ষাৎ

'তুমি কত বদলে গেলে!'
আমি অবাক হয়ে বলি
এতবছর পরে এই অভিযোগ শুনে
আমার বন্ধু হলো শিশুর মতো দুঃখী
তাকে হেসে হেসে সান্ত্বনা দেই
বদলে যাওয়াই জগতের নিয়ম
কেবল আমাদের বয়স, ক্রোধ আর ভালোবাসাই নয়
সবই বদলে যায়
দেখলে তো, পুরো রাশিয়া বদলে গেল!

Встреча
Meeting

ВСТРЕЧА

- Как сильно изменился ты! -
Воскликнул я. И друг опешил.
И стал печальней сироты...
Но я, смеясь, его утешил:
- Меняя прежние черты,
Меняя возраст, гнев и милость,
Не только я, не только ты,
А вся Россия изменилась!..

এক যে ছিল খরগোশ

ভীষণ অরণ্যের মাঝে ছিল এক খরগোশ
ঘাসের বনে ছুটতে তার লাগে বড়ো খোশ
আমি বন পেরিয়ে বাড়ি ফিরছিলাম যেদিন
খরগোশটা আমাকে দেখে পিলে চমকালো সেদিন!
বেচারা ছুট দেয় পাইনের বনে
আমি ওকে ডাকতেই আরও জোরে ছোটে
মনে হয় শাপ-শাপান্তই করছিল
নিশ্চয়ই ভাবছিল কোনো মানুষ বন্ধু হতে পারে না
একমাত্র ম্যাজাই* দাদু ছাড়া

Про зайца
About the hare

* ম্যাজাই দাদুর গল্প মূলত রুশ কবি নিকোলাই নেকরাসভের বিখ্যাত কবিতা 'দেদ ম্যাজাই ই জায়সি' (Ded Mazai i Zaytsy বা ম্যাজাই দাদু এবং খরগোশ) থেকে এসেছে। এই কবিতায় দাদু ম্যাজাইকে দেখানো হয়েছে একজন দয়ালু ও সহানুভূতিশীল বৃদ্ধ হিসেবে, যিনি বন্যার সময় নৌকায় করে খরগোশগুলোকে উদ্ধার করেন। এই গল্পটি রাশিয়ান সংস্কৃতিতে দয়া, মানবিকতা ও পরিবেশের প্রতি ভালোবাসার উদাহরণ হয়ে ওঠে এবং পরে লোককথার আকারে জনপ্রিয়তা পায়।

ПРО ЗАЙЦА

Заяц в лес бежал по лугу,
Я из лесу шел домой, —
Бедный заяц с перепугу
Так и сел передо мной!
Так и обмер, бестолковый,
Но, конечно, в тот же миг
Поскакал в лесок сосновый,
Слыша мой веселый крик.
И еще, наверно, долго
С вечной дрожью в тишине
Думал где-нибудь под елкой
О себе и обо мне.
Думал, горестно вздыхая,
Что друзей-то у него
После дедушки Мазая
Не осталось никого.

ভোভা নামের ছেলেটি

তেড়ে আসে গোরু
'দূর হও!' ভোভার গলা হয়ে আসে সরু
কিন্তু গোরু পালায় না
কী বলবে ভোভা ভেবে পায় না
কী করবে তাও বুঝতে পারে না
গোরুর দিকে তাকিয়ে কেঁদে ওঠে ভোভা
বেচারা ভোভা!

Мальчик Вова.
Boy Vova

МАЛЬЧИК ВОВА

Подошла к нему корова.
- Уходи! - сказал ей Вова.
А корова не уходит.
Вова слов уж не находит,
Не поймет, что это значит,
На нее глядит и плачет...

আমার চিলেকোঠার ঘরে

রাতের তারা জ্বলে
আমার চিলেকোঠার ঘরে ।
বালতি হাতে জননী আমার
জল নিয়ে আসে
আহা! তার নিঝুম পদ-পাতে!

বাগানের লাল টুকটুকে ফুলগুলো সব
শুকিয়ে শুকিয়ে মরে ।
নৌকা বাঁধা নদীর পারে
পচবে; আহা! গেল তবে!

উইলো গাছের ছায়া পড়ে
আমার বাড়ির গায়ে,
সে সরু ছায়া ফিতের মতো
তন্দ্রাতে লুটায়!
(আহা! তন্দ্রাতে লুটায়!)
আগামীকাল কাটবে আমার
উইলো গাছের ছায়ায় ।
জানি, বড্ড ব্যস্ততায়!

ফুলগুলোতে জল দেবো গো
আর দুষবো নিজের ললাট ।
আর যখন ফুটবে তারা
এর আগেই গড়বো নৌকা
আহ! বালাইষাট!!

В ГОРНИЦЕ

В горнице моей светло.
Это от ночной звезды.
Матушка возьмет ведро,
Молча принесет воды…

Красные цветы мои
В садике завяли все.
Лодка на речной мели
Скоро догниет совсем.

Дремлет на стене моей
Ивы кружевная тень.
Завтра у меня под ней
Будет хлопотливый день!

Буду поливать цветы,
Думать о своей судьбе,
Буду до ночной звезды
Лодку мастерить себе…

В горнице
In Upper Room

চড়ুই পাখি

চড়ুই পাখি চড়ুই পাখি
নড়ে না, ডাকে না
ঠান্ডায় জবুথবু
যখন দেখল মালগাড়ি
ফুরুক করে উড়াল দেয়
একেবারে শস্যদানার ওপর
বাপরে! কী ঠান্ডা!
আবার ছাদের কার্নিশে ফিরে যায়
আহা! চড়ুই পাখি!

воробей
Sparrow

ВОРОБЕЙ

Чуть живой. Не чирикает даже.
Замерзает совсем воробей.
Как заметит подводу с поклажей,
Из-под крыши бросается к ней!
И дрожит он над зернышком бедным,
И летит к чердаку своему.
А гляди, не становится вредным
Оттого, что так трудно ему...

রুটি

আমার ট্রাভেল ব্যাগে চিজ আর কুকিজ থাকবেই
শখ করে অ্যালমন্ডও নিই
কিন্তু রুটি নিতে চাই না,
জানো তো, ওসবে কত ঝক্কিঝামেলা!
কী দরকার এত দূরের পথে ওজন বাড়ানোর!

কিন্তু দাদি ব্যাগে রুটি দিয়ে দেন
যদিও জানেন আধুনিক পৃথিবীর গতি!
তবু বলেন, "এই বুড়ি দাদির কথা শোন,
রুটিকে বইতে হবে না,
ও তোর ভারও বইবে।"

Хлеб
Bread

ХЛЕБ

Положил в котомку
сыр, печенье,
Положил для роскоши миндаль.
Хлеб не взял.
- Ведь это же мученье
Волочиться с ним в такую даль! -
Все же бабка
сунула краюху!
Все на свете зная наперед,
Так сказала:
- Слушайся старуху!
Хлеб, родимый, сам себя несет...



অদ্ভুতুড়ে শৈশব

মনে পড়ে
কালো জলের ধারা
কবেকার কথা!
মনে পড়ে
ভীতিকর জেটি
মনে পড়ে
ভীতিকর রাত্রি
মনে পড়ে
বড়ো পাখি
চোখে ছিল যার শ্যেনদৃষ্টি।
মনে পড়ে
প্রেত আর প্রেতিনী
সেইসব গল্প আজও ভুলিনি।

ভীতি আর ভীতি
মনে পড়লে লাগে বড়ো তৃপ্তি।

Угрюмое
Gloomy

УГРЮМОЕ

Я вспомнил
угрюмые волны,
Летящие мимо и прочь!
Я вспомнил угрюмые молы,
Я вспомнил угрюмую ночь.
Я вспомнил угрюмую птицу,
Взлетевшую
жертву стеречь.
Я вспомнил угрюмые лица,
Я вспомнил угрюмую речь.
Я вспомнил угрюмые думы,
Забытые мною уже...
И стало угрюмо. угрюмо
И как-то спокойно душе.

ভালুক

গুলি ছোড়ে শিকারি ভালুকের গায়ে,
ভয়ে জড়োসড়ো মস্ত ভালুক পাইনের ছায়ায় ।
তার লোমশ শরীরে গুলি বিঁধে
ভালুকের চোখে জল মনের খেদে ।
কেন তারা করতে চায় খুন?
তার ছিল না তো কোনো ভুল!
ভালুকটির মনে বড়ো দুখ!
বাড়ি ফেরে নীরবে
আজ কেঁদে ভাসাবে বুক ।



МЕДВЕДЬ

В медведя выстрелил лесник.
Могучий зверь к сосне приник.
Застряла дробь в лохматом теле.
Глаза медведя слез полны:
За что его убить хотели?
Медведь не чувствовал вины!
Домой отправился медведь,
Чтоб горько дома пореветь...

সোয়ালো পাখি

ЛАСТОЧКА

সোয়ালো পাখি করে রা–
বাসা থেকে পড়ল ছা,
চারপাশে হৈচৈ
বাচ্চারা বলে, 'পাখির ছা পড়ল কই?'

শাবলটি হাতে তুলি,
ছানার জন্য কবর খুড়ি ।
মা পাখিটি উড়ে বেড়ায়
সুরে তার বিলাপ ছড়ায় ।

সোয়ালো পাখি ভেসে চলে
বুকেতে তার দুঃখ চেপে,
'ও পাখি, তুই করলি কী?
ছানাটি দেখে রাখতে পারিসনি!'

Ласточка носится с криком.
Выпал птенец из гнезда.
Дети окрестные мигом
Все прибежали сюда.

Взял я осколок металла,
Вырыл могилку птенцу,
Ласточка рядом летала,
Словно не веря концу.

Долго носилась, рыдая,
Под мезонином своим...
Ласточка! Что ж ты, родная,
Плохо смотрела за ним?

Ласточка
Swallow

কাক

বসলো কাক বেড়ার ওপর
তালাবদ্ধ সমস্ত গোলাঘর,

চলে গেল সব মালগাড়ির বহর
কাটে না এই আকালের প্রহর!
আজ বহুদিন ধরে ।

কাকটি দিনমান উশখুশ করে
নেই শীতের আশ্রয়;
নেই কোনো দানা!
বেচারা!

ворона
Crow

ВОРОНА

Вот ворона сидит на заборе.
Все амбары давно на запоре.
Все обозы прошли, все подводы,
Наступила пора непогоды.

Суетится она на заборе.
Горе ей. Настоящее горе!
Ведь ни зернышка нет у вороны
И от холода нет обороны…

মাঠ-জ্বলা তারা

নদী আজ ধু-ধু বরফের মাঠ
কোথাও এক চিলতে বরফহীন শূন্য কোটর,
তারি মাঝে উঁকি দেয় তারা,
ঠিক যেন আকাশের পারা ।

বাজে রাত্তির বারোটা
গাঁয়ের লোকেদের চোখে লেগে আছে নিদ্রা ।

আমি থমকে দাঁড়াই
আমার মাঠ-জ্বলা তারা!
স্মৃতির তোড়ে ডুবে যাই ।

পাহাড়ের কোলে যে ছিল শান্ত সমাহিত
শরতে পুড়ে খাক
এই শীতে পুড়ে সাদা হয়ে যাক!
আমার মাঠ-জ্বলা তারা
তুমি নিভে যেয়ো না ।
তুমি জ্বলো
সংসার-শক্তিতের দুয়ারে জ্বলো
তুমি জ্বলো!
তাদের চিত্ত করো প্রসারিত!

কিন্তু বহুদূরে আমার অজো পাড়াগাঁয়ে
এই শীত আর কুয়াশায়
তুমি এত পূর্ণ!
এত আলো!
আমার মাঠ-জ্বলা তারা
এই শ্বেতশুভ্র চরাচরে
তোমায় বাসি ভালো ।
তুমি জ্বলো!
জ্বলো!

Звезда полей
A Star of Fields

ЗВЕЗДА ПОЛЕЙ

Звезда полей, во мгле заледенелой
Остановившись, смотрит в полынью.
Уж на часах двенадцать прозвенело,
И сон окутал родину мою...

Звезда полей! В минуты потрясений
Я вспоминал, как тихо за холмом
Она горит над золотом осенним,
Она горит над зимним серебром...

Звезда полей горит, не угасая,
Для всех тревожных жителей земли,
Своим лучом приветливым касаясь
Всех городов, поднявшихся вдали.

Но только здесь, во мгле заледенелой,
Она восходит ярче и полней,
И счастлив я, пока на свете белом
Горит, горит звезда моих полей...

ফুলের তোড়া

বহুদূর পথ আমি সাইকেলে যাই
দূরের এক ঘাসের বনে থমকে দাঁড়াই,
ফুল তুলি,
আর ভাবি,
আমার মুখে ফুটবে বুলি,
যখন ফুলের তোড়া দেব, আমি যাকে ভালোবাসি,
'কারও সাথে বুঝি ছিলে
আমাদের আলাপের কথা ভুলে?
তুমি ধরো এই ফুল,
হবে না গো আর ভুল।
আমাকে মনে করিয়ে দেবে এই ফুল।'

ফুলগুলো তুলে নিয়ে
চলে যাবে দূরে।
আবার যখন কুয়াশায় সাদা হয় রাত,
তুমি হেঁটে যাবে,
ফিরেও তাকাবে না আর,
তোমার কঠিন মুখের দিকে চেয়ে পার করে দেব রাত।
তবে তাই হোক।

বহুদূর পথ আমি সাইকেলে যাই
দূরের এক ঘাসের বনে থমকে দাঁড়াই,
একটাই আশা,
ফুলের তোড়া তুলে নাও,
আমার ভালোবাসা।

букет
Bouquet

БУКЕТ

Я буду долго
Гнать велосипед.
В глухих лугах его остановлю.
Нарву цветов.
И подарю букет
Той девушке, которую люблю.
Я ей скажу:
– С другим наедине
О наших встречах позабыла ты,
И потому на память обо мне
Возьми вот эти
Скромные цветы!..
Она возьмёт.
Но снова в поздний час,
Когда туман сгущается и грусть,
Она пройдет,
Не поднимая глаз,
Не улыбнувшись даже...
Ну и пусть.
Я буду долго
Гнать велосипед,
В глухих лугах ею остановлю.
Я лишь хочу,
Чтобы взяла букет
Та девушка, которую люблю...

Олег Малинин Шамсуддуха Таухид

Евгений Спирин Ибрагим Истанбули Бишваруп Саньял Николай Рубцов



Стихи для детей на русском и бенгальском языках

Редактор издания: Евгений Спирин. (г. Сосновоборск. Красноярский край)
Перевод на бенгальский: Шамсуддуха Таухид. (г. Барисал. Бангладеш)
Художник: Олег Малинин. (г. Вологда)